# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৪৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ হজের দিনগুলিতে মিনায় অবস্থান করার সময় যে ব্যক্তি পূর্ণ সালাত আদায় করার নির্দেশ দেয়, তার কথা অপনোদনকারী হাদীস

ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ أَمَرَ بِإِتْمَامِ الصَّلَاةِ لِمَنْ أَقَامَ بِمِنًى أَيَّامَهُ تِلْكَ فِي حجته

আরবী

2746 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ كَثِيرٍ قَالَ: أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَاقَ : عَنْ حَارِثَةَ بْنِ وَهْبٍ قَالَ: صَلَّيْتُ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَو صَلَّى بِنَا بِمِنًى وَنَحْنُ أَوْفَرَ مَا كُنَّا ركعتين.

الراوي : حَارِثَة بْن وَهْبٍ الْخُزَاعِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2746 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

২৭৪৬. হারিসা বিন ওয়াহাব আল খুযাঈ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সালাত আদায় করেছি অথবা (অধঃস্তন রাবীর সন্দেহ তিনি বলেছেন) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিয়ে মিনায় দুই রাকা'আত সালাত আদায় করেছেন। অথচ সে সময় আমরা সংখ্যায় সবচেয়ে বেশি ছিলাম।"[1]

ফুটনোট

[1] তাবারানী: ৩/৩২৪৫; মুসনাদ আহমাদ: ৪/৩০৬; সহীহুল বুখারী: ১০৮৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৭৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হারিসাহ ইবনু ওয়াহব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92076

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন